# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-06-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) আজ আন্তর্জাতিক যোগ দিবস। এবারের যোগ দিবসের মূল ভাবনা এক পৃথিবী এক স্বাস্থ্যের জন্যে যোগ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশাখাপত্তনমে যোগ দিবসের অনুষ্ঠানে দেশকে নেতৃত্ব দিচ্ছেন।

এরাজ্যেও রাজভবন সহ বিভিন্ন জায়গায় আয়োজন করা হয়েছে যোগ শিবিরের।

২) বিজেপি রাজ্যের আইনশৃঙ্খলা ফিরিয়ে আনতে স্বরাষ্ট্রমন্ত্রী ও লোকসভার অধক্ষ্যকে চিঠি দিয়েছে।

৩) শহর কলকাতা সংক্রান্ত নানা তথ্য পেতে একটি নতুন অ্যাপ চালু করেছে কলকাতা পুরসভা।

৪) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে স্নাতকস্তরে ভর্তির পোর্টাল চালু হয়েছে।

৫) দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং-এর তালদি-র রবীন বলদে ১১ ঘণ্টা ধরে ইংলিশ চ্যানেল অতিক্রম করে ইতিহাসের পাতায় স্থান করে নিয়েছে।

৬) সিঙ্গাপুরে পুরুষদের এশিয়া কাপ তিরন্দাজিতে বেঙ্গল আর্চারি অ্যাকাডেমীর জুয়েল সরকার রূপো জিতেছে।

oooooooooooooooooooooooo

আজ আন্তর্জাতিক যোগ দিবস। এবারের যোগ দিবসের মূল ভাবনা এক পৃথিবী এক স্বাস্থ্যের জন্যে যোগ।

(জিঙ্গল)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে যোগ দিবসের অনুষ্ঠানে দেশ কে নেতৃত্ব দিচ্ছেন। সমুদ্র সৈকতে ওই যোগ অভ্যাস কর্মসূচীতে ১১ হাজার ৯ জন নৌ কর্মী সহ তিন লক্ষেরও বেশি মানুষ অংশ নিচ্ছেন। বিশাখাপত্তনম এর সমুদ্র সৈকতের - আর কে বিচ থেকে ভোগাপুরম পর্যন্ত প্রায় ২৬ কিলোমিটার এলাকা জুড়ে এই যোগ শিবিরের আয়োজন করা হয়েছে ।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী , যোগ দিবসে জন্যে দেশ বিদেশের মানুষকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, যোগের মূল অর্থ হলো মানুষকে সংযুক্ত করা। যোগ দিবস সমগ্র বিশ্বকে এক সূত্রে বেঁধেছে।

(বাইট – প্রধানমন্ত্রী)

দেশের ১০০টি পর্যটন কেন্দ্র ও ৫০ টি বিখ্যাত সাংস্কৃতিক কেন্দ্রেও আজ বিশ্ব যোগ দিবস উপলক্ষে যোগ ব্যায়ামের আয়োজন করা হয়েছে।

এরাজ্যেও যোগ দিবস উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজভবনে সকাল থেকেই শুরু হয়েছে যোগাভ্যাস ।

এই উপলক্ষে কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথি ফুটবল গ্রাউন্ডে আন্তর্জাতিক যোগ দিবসে অংশ নিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

ভিক্টোরিয়া মেমোরিয়াল প্রাঙ্গণে আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক যোগ দিবস।

অন্ধ্রপ্রদেশে সকালে যোগ দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অনুষ্ঠান ও বক্তব্য ভিক্টোরিয়া প্রাঙ্গণে সরাসরি দেখানো হয়। অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন পদ্মশ্রী মাইম শিল্পী নিরঞ্জন গোস্বামী, অর্জুন পুরস্কার প্রাপ্ত দাবাড়ু দিব্যেন্দু বড়ুয়া।

ভারতের পাশাপাশি আন্তর্জাতিক ক্ষেত্রে বিভিন্ন দেশের মানুষ বর্তমানে সুস্থ মন ও শরীরের কথা ভেবে যোগের প্রতি আকর্ষিত হচ্ছেন। এ দেশের পরম্পরাগত এই ঐতিহ্যকে কেন্দ্র করে এশিয়া সহ ইউরোপ আমেরিকার বহু দেশে গড়ে উঠছে যোগ প্রশিক্ষণ কেন্দ্র। আন্তর্জাতিক যোগদিবস উপলক্ষে যোগাসন ও তার কার্যকারিতা নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্যের আইন শৃঙ্খলা ফিরিয়ে আনতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে লেখা এক চিঠিতে রাজ্যের আইনশৃঙ্খলা অবনতি বিশেষ করে ডায়মন্ড হারবারের ঘটনার বিষয়ে বিস্তারিত উল্লেখ করেন। পাশাপাশি গতকাল পশ্চিমবঙ্গ দিবস পালনকে কেন্দ্র করে উদ্ভূত ঘটনার উল্লেখ করে ডায়মন্ড হারবারের মতো স্পর্শকাতর এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের আর্জি জানান তিনি।

লালবাজার থেকে ছাড়া পাওয়ার পর কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার গত রাতে ভি আইপি রোডের উপর কেষ্টপুর অটো স্ট্যান্ডে পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠানে অংশ নেন, ভারত কেশরী শ্যামাপ্রসাদ মুখার্জির আবক্ষ মূর্তি উন্মোচন করেন। অনুষ্ঠানের শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, রাজ্যে আইন শৃঙ্খলার যা পরিস্থিতি , যেখানে কেন্দ্রীয় মন্ত্রীর কোনো নিরাপত্তা নেই সেখানে আগামী দিনে রাজ্যে শান্তিপূর্ণ ভোট করা সম্ভব নয়। এই রাজ্যের জন্য আলাদা নিরপেক্ষ ব্যবস্থা তৈরি করে নির্বাচন কমিশনের কাছে ভোট পরিচালনার দাবি জানান সুকান্ত বাবু। বজবজে পুলিশের উপস্থিতিতে তার উপর আক্রমণের প্রেক্ষিতে পুলিশি নিষ্ক্রিয়তা এবং রাজ্যের আইন শৃংখলা নিয়ে অভিযোগ তুলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এর পাশাপাশি লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাকে ও তিনি চিঠি দিয়েছেন বলে সুকান্ত বাবু জানান।

( বাইট – সুকান্ত)

তিনি আরও অভিযোগ করেন,মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গ দিবস পালন করতে দেবেন না বলে ঘোষণা করেন, তাই তাদের বাধা দেওয়া হয়েছে। পাশাপাশি চিকিৎসক রজত সুপ্রভাত ব্যানার্জির নিরাপত্তার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে রাজ্য সভাপতি বলেন রজত শুভ্র বাবুর নিরাপত্তার জন্য তিনি রাজ্যপাল ও রাজ্য প্রশাসনের কাছে দাবি জানাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত গোটা বিশ্বে কয়লা উৎপাদনে দ্বিতীয় বৃহত্তম দেশ হিসেবে উঠে এসেছে বলে কেন্দ্রীয় কয়লামন্ত্রী জি কিষাণ রেড্ডি জানিয়েছেন। তিনি গতকাল পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে ফরিদপুর ব্লকে ঝাঁঝরা কোলিয়ারি পরিদর্শন করেন। তিনি আরও বলেন, বিকল্প বিদ্যুৎশক্তি উৎপাদনে আলাদা মন্ত্রক তৈরী করা হয়েছে ও পরিবেশ সুরক্ষায় কোল ইন্ডিয়া ও বেসরকারি সংস্থাগুলি বিকল্প বিদ্যুৎ উৎপাদনে বিনিয়োগ পরিমাণ বাড়িয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী গতকাল ইসিএলের ঝাঁঝরা কোলিয়ারি এলাকায় একটি ইকো পার্কের উদ্বোধন করেন। পার্কের নাম রাখা হয়েছে সিঁদুর।

কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন মন্ত্রকের অতিরিক্ত সচিব শ্রীমতী রূপিন্দর ব্রার, কোল ইন্ডিয়ার চেয়ারম্যান পি এম প্রসাদ, ইসিএলের সিএমডি সতীশ ঝা সহ ইসিএলের আধিকারিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শহর কলকাতা সংক্রান্ত নানা তথ্য পেতে একটি নতুন অ্যাপ চালু করল কলকাতা পুরসভা। My city Kolkata app নামে এই app থেকে কলকাতা সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে। অ্যান্ড্রয়েড ও আইফোন উভয় ফোনেই এই অ্যাপ ডাউনলোড করা যাবে।

কলকাতা পুরসভার শিক্ষা ও তথ্য প্রযুক্তি বিভাগের মেয়র পারিষদ সন্দীপন সাহা বলেন, বাইরে থেকে আসা মানুষজন কলকাতা শহরের দর্শনীয় স্থান, হোটেল বাজার ইত্যাদি নানান তথ্য জানার জন্য ইন্টারনেট সার্চ করে জানতে হয়। এজন্য বেশ কিছুটা সময় দিতে হয়। কলকাতা পুরসভার নতুন এই অ্যাপের মাধ্যমে সহজেই তা জানা যাবে বলে সন্দীপন বাবু জানিয়েছেন।

(বাইট – সন্দীপন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরে ভর্তির পোর্টাল চালু হল। ওবিসি সংরক্ষণ নিয়ে আইনি জটিলতা কাটাতে ২০১০ সালের আগের সংরক্ষণ তালিকা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া হবে বলে জানা গেছে। বিজ্ঞান ও কলা বিভাগে ভর্তির জন্য পোর্টাল চালু করা হয়েছে। কলা বিভাগে আবেদনের শেষ তারিখ ৩ জুলাই। ১৪ থেকে ১৮ জুলাইয়ের মধ্যে কলা বিভাগের সাতটি বিষয়ের প্রবেশিকা পরীক্ষা নেওয়া হবে। বিজ্ঞান বিভাগে আবেদনের শেষ তারিখ ৪ জুলাই পর্যন্ত। ১১ ও ১৪ ই জুলাই হবে প্রবেশিকা পরীক্ষা।

বিজ্ঞপ্তি অনুযায়ী, কলা বিভাগের মেধা তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ ৩১ শে জুলাইয়ের মধ্যে এবং দর্শন এবং সংস্কৃতের ক্ষেত্রে তা ২৩ জুলাইয়ের মধ্যে। বিজ্ঞান বিভাগের মেধা তালিকা প্রকাশিত হবে ২২ শে জুলাই বিকেল ৪ টের পর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, রাজ্য স্কুল শিক্ষা দপ্তর উৎসশ্রী পোর্টালের মাধ্যমে শিক্ষকদের পারস্পরিক বদলির নিয়ম সহজ করেছে। এই মর্মে সম্প্রতি একটি নতুন নির্দেশিকা জারি করা হয়েছে। ওই নির্দেশিকা অনুসারে, কোনো শিক্ষক বা শিক্ষিকা পারস্পরিক বদলির জন্য আবেদন করে সংশ্লিষ্ট অপর শিক্ষক বা শিক্ষিকার থেকে ইতিবাচক সাড়া না পেলে জেলা প্রাথমিক বিদ্যালয় পরিষদ বা জেলা বিদ্যালয় পরিদর্শকের তরফে সেই আবেদন

বাতিল করে আবেদনকারীর প্রোফাইল আনলক করতে পারবেন। ফলে আবেদনকারীর পক্ষে পুনরায় আবেদন করা সম্ভব হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর পূর্ব ঝাড়খণ্ড এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এর ওপর থাকা সুস্পষ্ট নিম্নচাপটি আরো উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে শক্তি হারিয়ে এখন দক্ষিণ বিহারের ওপর অবস্থান করছে। আগামী ২৪ ঘন্টায় তা আরো দুর্বল হবে এবং এ রাজ্য থেকে আরো দূরে সরে যাবে। আজ ও বিক্ষিপ্তভাবে কোথাও কোথাও হালকা বৃষ্টি হলেও আগামীকাল থেকে স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে বৃষ্টির পরিমাণ আবারো বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

এদিকে, কলকাতায় আজ সকালে সর্ব নিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা সামান্য কম।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ায় একটি কারখানায় গতরাতে গ্যাস লিক করে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। আহত আরও একজন। তাকে সাগর দত্ত হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ওই কারখানার চেম্বার পরিষ্কার করার সময় এই গ্যাস লিক করলে ৩ জন গুরুতর অসুস্থ হয়ে পড়েন। তাদের সাগরদত্ত হাসপাতালে নিয়ে যাওয়া হলে সুরজিত মাইতি ও রবিন হায়িতকে মৃত ঘোষণা করা হয়। পুলিশ এই ঘটনায় বেলঘরিয়া থানায় মামলা রুজু করেছে। ফরেন্সিক দল আজ ঘটনাস্থলে যাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

অদম্য জেদ, একাগ্রতা ও মানসিক দৃঢ়তাকে সঙ্গী করে বিশ্বের অন্যতম কঠিন ও বিপদসংকুল জলপথ ইংলিশ চ্যানেল সফলভাবে অতিক্রম করলেন দক্ষিণ ২৪ পরগনার ক্যানিংয়ের তালদির বাসিন্দা রবিন বলদে। প্রায় ১১ ঘণ্টা ধরে হিমশীতল জল, বিশাল

ঢেউ এবং কঠিন পরিস্থিতির বিরুদ্ধে লড়াই করে শেষ পর্যন্ত ইতিহাসের পাতায় স্থান করে নিলেন তিনি। ইংল্যান্ড এবং ফ্রান্সের মধ্যবর্তী এই জলপথটি সমগ্র বিশ্বের সাঁতারুদের জন্য এক বিশাল চ্যালেঞ্জ হিসেবে পরিচিত। টানা সাঁতারের কেটে রবিন বলদে অতিক্রম করেন প্রায় ৩৪ কিলোমিটার দীর্ঘ এই জলপথ। এই অসাধারণ সাফল্যের জন্য রবিন বলদে কে অভিনন্দন জানিয়েছেন বিভিন্ন ক্রীড়া সংগঠন, প্রশাসনের আধিকারিক এবং অন্যান্য ক্রীড়া ব্যক্তিত্বরা। ইংলিশ চ্যানেল পার হওয়ার মধ্য দিয়ে রবিন বলদে সুন্দরবনের ম্যানগ্রোভ অরণ্য রক্ষার বার্তাও সারা বিশ্বের কাছে তুলে ধরেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সিঙ্গাপুরে আয়োজিত পুরুষদের এশিয়া কাপ তিরন্দাজি প্রতিযোগিতায় ঝাড়গ্রামে রাজ্য সরকার পরিচালিত বেঙ্গল আর্চারি একাদেমির জুয়েল সরকার রৌপ্য পদক জয় করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তার প্রশিক্ষক ও পরিবারের সদস্যদের অভিনন্দন জানিয়েছেন। মালদার এই বালক গত ফেব্রুয়ারিতে উত্তরাখণ্ডে আয়োজিত জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় স্বর্ণ পদক জয় করেছিলেন বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম জংশন স্টেশন সীমায় ডাউন মেন লাইনে আজ রাত ১০ টা ৫০ মিনিট থেকে ২২ জুন ভোর ৫ টা ৫০ মিনিট পর্যন্ত মোট ৭ ঘণ্টা ট্র্যাফিক ও পাওয়ার ব্লকের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কারণে আজ শিয়ালদা - বনগাঁ দুজোড়া, শিয়ালদা - ডানকুনি দু জোড়া, শিয়ালদা - বারুইপাড়া ১ জোড়া EMU লোকাল বাতিল থাকবে।

আগামীকাল (রবিবার )শিয়ালদা - ডানকুনি ৩ জোড়া, শিয়ালদা - বনগাঁ দুজোড়া, শিয়ালদা - হাসনাবাদ ১ জোড়া, শিয়ালদা - বারাসাত আপে ১ টি , শিয়ালদা - নৈহাটি ১

জোড়া, শিয়ালদা - হাবড়া ১ জোড়া, শিয়ালদা - কল্যানী সীমান্ত ১ জোড়া, শিয়ালদা - দত্তপুকুর ডাউনে ১ টি EMU লোকাল বাতিল থাকবে।

তবে আজ 22202 ডাউন পুরী - শিয়ালদা দুরন্ত এক্সপ্রেস পুরী থেকে নির্ধারিত সময়ে ছাড়বে।এবং আজ ছেড়ে আসা 13148 ডাউন বামনহাট - শিয়ালদা উত্তরবঙ্গ এক্সপ্রেস এবং 12344 ডাউন হলদিবাড়ি - শিয়ালদা দার্জিলিং মেল দুটি ট্রেনই নিজস্ব রুটে অর্থাৎ ডানকুনি - শিয়ালদা হয়ে চলাচল করবে বলে রেল সূত্রে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo